# মডেল টেস্ট– ৭

## ইসলাম ও নৈতিক শিক্ষা

সময়– ২ ঘণ্টা ৩০ মিনিট; পূর্ণমান– ১০০

*[দ্রষ্টব্য : দক্ষিন পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক।]*

**১। সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ :** ১×৫০=৫০

১. 'আল্লাহু গাফূরুন'। মহান আল্লাহর এ গুণে গুণান্বিত হতে চাইলে তুমি কী করবে?
ⓚ পরম দয়ালু হব ⓔ ধৈর্যশীল হব
ⓖ সহনশীল হব ⓖ অতি ক্ষমাশীল হব

২. প্রাকৃতিক সৃষ্টি থেকে আমরা প্রমাণ পাই–
ⓚ প্রাকৃতিক সৃষ্টি নিজে নিজে হয়
ⓔ পরিবেশবাদীরাই প্রকৃতিকে সৃষ্টি করে
ⓖ মানুষ প্রকৃতি সৃষ্টি করে
ⓖ মহান সৃষ্টিকর্তা আল্লাহ সৃষ্টি করে

৩. আমরা জানি আল্লাহ এ পৃথিবীর মালিক। কারণ তিনি–
ⓚ খাদ্য ও বস্ত্র নিশ্চিত করেন
ⓔ শয়তানের শাস্তি নিশ্চিত করেন
ⓖ বিশ্বাসীদের নিরাপত্তা দেন ও পরিচালনা করেন
ⓖ সকল সৃষ্টির প্রতিপালন করেন

৪. তোমার ছোট ভাই তোমার সঙ্গে একটি মন্দ আচরণ করেছে। তুমি কী করবে?
ⓚ সাথে সাথে শাস্তি দেব ⓔ ঘর থেকে বের করে দেব
ⓖ তার প্রতি সহনশীল হব ⓖ কখনোই কিছু বলব না

৫. কবরে জাহান্নামীদের কঠিন শাস্তি দেওয়া হবে। কীভাবে চললে আমরা কবরের আজাব থেকে রক্ষা পাবো?
ⓚ নিজের খেয়ালখুশিমতো চললে
ⓔ নবির নির্দেশ মেনে চললে
ⓖ প্রতিবেশীর নির্দেশ মেনে চললে
ⓖ নেতার নির্দেশ মেনে চললে

৬. মনে কর, আজ তোমাদের এক প্রতিবেশীর মৃত্যু হয়েছে। তার মৃত্যু তোমাকে কোনটির কথা স্মরণ করিয়ে দিবে?
ⓚ তার সম্পদের কথা
ⓔ তার পরিবার পরিজনের কথা
ⓖ তোমার সাথে ভালো ব্যবহারের কথা
ⓖ আখিরাতের কথা

৭. আল্লাহ রাজ্জাক। মহান আল্লাহর এ গুণে গুণান্বিত হতে চাইলে তুমি কী করবে?
ⓚ মানুষকে দয়া দেখাবে
ⓔ সকলের সাথে ভালো ব্যবহার করবে
ⓖ পিতামাতাকে সম্মান করবে
ⓖ ক্ষুধার্তকে খাদ্য দিবে

৮. সাকিব জামাআতের সাথে সালাত আদায় করতে চায়। সাকিবের কোথায় সালাত আদায় করা উচিত?
ⓚ মসজিদে ⓔ মাদ্রাসায় ⓖ বাড়িতে ⓖ মক্তবে

৯. তুমি তোমার প্রতিটি মুহূর্ত কীভাবে আল্লাহর ইবাদতে অতিবাহিত করবে?
ⓚ সাওম পালন করে
ⓔ যাকাত প্রদান করে
ⓖ হজ পালন করে
ⓖ সকল কাজে আল্লাহর বিধান মেনে

১০. আমাদের সকলের উচিত পরিবেশ পরিষ্কার পরিচ্ছন্ন রাখা। আমরা কীভাবে এ কাজটি করতে পারি?
ⓚ নিয়মিত পোশাক-পরিচ্ছদ ধুয়ে
ⓔ ময়লা-আবর্জনা ও নোংরা দূর করে
ⓖ যেখানে সেখানে ময়লা ফেলে

http://teachingbd.com

১১. তোমার বন্ধুর পায়ে প্রচণ্ড ব্যথা এবং দাঁড়াতে পারছে না। যখন নামাজ আদায় করবে তখন সে কী করবে?
ⓚ নামাজ পড়বে না
ⓚ দাঁড়ানোর অংশটি উপেক্ষা করবে
ⓖ বসেই রুকু করবে
ⓖ পা ভালো হওয়া পর্যন্ত অপেক্ষা করবে

১২. সালাতের আহকাম বলতে তুমি কোনটিকে চিহ্নিত করবে?
ⓚ সালাত শুরু হওয়ার আগের ফরজ কাজ
ⓚ সালাতের মধ্যের ফরজ কাজ
ⓖ সালাত অর্ধেক হলে যে ফরজ কাজ করা হয়
ⓖ সালাতের শেষের ফরজ কাজ

১৩. মানুষ অন্যায় করার পর অনুতপ্ত হলে, আল্লাহ তাকে কী করেন?
ক) ত্যাগ করেন খ) শাসন করেন
গ) স্মরণ করেন ঘ) ক্ষমা করেন

১৪. মিসেস রায়হান সকল প্রকার পাপ কাজ থেকে মুক্ত হয়ে সাওম পালন করেন। তিনি আল্লাহর কাছে কিরূপ মর্যাদা লাভ করবেন?
ক) শহিদের মর্যাদা খ) প্রিয় মানুষ হওয়ার মর্যাদা
গ) উচ্চতর ব্যক্তিত্বের মর্যাদা ঘ) নিষ্পাপ শিশুর মর্যাদা

১৫. মসজিদে কোন ধরনের শিক্ষা পরিচালনা করা যাবে?
ক) ধর্মীয় খ) আর্থিক গ) সামাজিক ঘ) সাংস্কৃতিক

১৬. রায়হান সাওম পালন করে। তার সাওম পালনের মূল উদ্দেশ্য কী?
ক) শারীরিক সুস্থতা লাভ করা
খ) তাকওয়া অর্জন করা
গ) ক্ষুধার যন্ত্রণা উপলব্ধি করা
ঘ) দীর্ঘমেয়াদি প্রশিক্ষণ লাভ করা

১৭. সুন্দর আখলাক ও নৈতিক মূল্যবোধের ফলে মানবসমাজ--
ক) পাপ পঙ্কিলতায় পুরোপুরি দূর হয় খ) অপরাধীর সংখ্যা বেড়ে যায়
গ) সচ্ছলতা ফিরে পায় ঘ) আলোর পথ পায়

১৮. ইসলামের খলিফা ছিলেন হযরত উমর (রা)। তিনি কততম খলিফা?
ক) প্রথম খ) দ্বিতীয় গ) তৃতীয় ঘ) চতুর্থ

১৯. তোমার বন্ধু ইব্রাহীম আখলাক সুন্দর। সে কী ধরনের আচরণ করে?
ক) মানুষের সাথে খারাপ ব্যবহার করে
খ) জাতীয় সম্পদের অপব্যয় করে
গ) সদা সত্য কথা বলে
ঘ) মানুষকে ঘৃণা করে

২০. আল্লাহ জীবজন্তু, পশুপাখি, নদী-নালা সৃষ্টি করেছেন। আল্লাহ এসব সৃষ্টি করেছেন কেন?
ক) পৃথিবীকে সুন্দর করার জন্য
খ) নবি-রাসুলদের উপকারের জন্য
গ) পৃথিবীকে বাস উপযোগী করার জন্য
ঘ) মানুষের উপকারের জন্য

২১. তুমি কোনো এক নগরের বাসিন্দা। তুমি কীভাবে দেশের সেবা করবে?
ক) সারাদেশে বৃক্ষ রোপণ করে
খ) নগরের পরিবেশ পরিচ্ছন্ন রেখে
গ) দেশের মানুষকে ভালোবেসে
ঘ) বিদ্যুৎ, পানি ও গ্যাসের অপচয় রোধ করে

http://teachingbd.com

২২. তোমার চারপাশের সবাই মিথ্যা বলে, মন্দ কাজ করে। তুমি কী করবে?
ক কথা বলা বন্ধ করে দেব
খ কখনোই তাদের সাথে মিশব না
গ কখনোই তাদের মতো কাজ করব না
ঘ তাদেরকে প্রত্যাখ্যান করব

২৩. পরিবেশ সংরক্ষণের জন্য আমাদের কী করতে হবে?
ক বিভিন্ন স্থানে ময়লা ফেলতে হবে
খ যেখানে সেখানে কলকারখানা নির্মাণ করতে হবে
গ স্বাস্থ্যসম্মত পায়খানা ব্যবহার করতে হবে
ঘ বেশি করে পশুপাখি হত্যা করতে হবে

২৪. তাসমিয়ার চরিত্র সুন্দর। তার আচরণে কোনটি প্রকাশ পাবে?
ক জাতীয় সম্পদ রক্ষায় যত্নবান হবে
খ রাতদিন পিতামাতার সেবা করবে
গ বন্ধুদের সাথে আড্ডা দিবে
ঘ পরীক্ষায় সবসময় প্রথম হবে

২৫. নওরীন নিয়মিত আল্লাহর ইবাদত করে। আল্লাহর ইবাদতের পর নওরীনের প্রথম দায়িত্ব কোনটি?
ক সৃষ্টির সেবা করা
খ মানুষের সেবা করা
গ পিতামাতার সাথে ভালো ব্যবহার করা
ঘ শিক্ষককে সম্মান করা

২৬. তোমার কোনো সহপাঠী বিদ্যালয়ের দেয়ালে কোনো কিছু লিখতে চাইলে তুমি তাকে লিখতে নিষেধ করলে। তোমার এ কাজটি কিসের অন্তর্ভুক্ত?
ক বিদ্যালয়প্রীতি খ সৌন্দর্যবোধ গ আল্লাহভীতি ঘ দেশপ্রেম

২৭. তোমার দাদা ভালো কাজে সহযোগিতা করেন এবং মন্দ কাজে নিষেধ করেন। তিনি মূলত কার উপদেশ মানেন?
ক পিতামাতার খ মহানবি (স) এর
গ শিক্ষকের ঘ সমাজপতির

২৮. আমি কুরআন মাজিদ নাজেল করেছি আর এর হেফাজতকারী আমি। এখানে কাকে বুঝানো হয়েছে?
ক আল্লাহ তায়ালাকে খ নবি-রাসুলগণকে
গ ফেরেশতাগণকে ঘ মুসলমানগণকে

২৯. মানুষের ভালো হওয়ার এবং কল্যাণ লাভের সব কথা, সব নিয়মনীতি একটি কিতাবে বর্ণিত আছে। কিতাবটির নাম কী?
ক তাওরাত খ যাবূর
গ ইনজিল ঘ কুরআন মজিদ

৩০. জান্নাত কুরআন তিলাওয়াত করতে গিয়ে 'قف' এরূপ চিহ্ন দেখতে পেল। এর দ্বারা সে কী বুঝবে?
ক মিলিয়ে পড়া উত্তম খ কিঞ্চিৎ থামতে হয়
গ দমে না কুলালে থামা যায় ঘ থামা উচিত

৩১. ইফতেখার বোঝে কুরআন মজিদ তিলাওয়াত করে। এর মাধ্যমে সে কোনটি জানতে পারবে?
ক বৈজ্ঞানিক আবিষ্কারের কথা
খ সমুদ্রে জাহাজ চলাচলের কথা
গ পৃথিবীর আবর্তনের কথা
ঘ কিসে আমাদের সফলতা ও সম্মান

৩২. পৃথিবীর প্রথম লিখিত সনদ হলো মদিনা সনদ। এই সদনের কতটি ধারা ছিল?
ক ৪৫টি খ ৪৬টি গ ৪৭টি ঘ ৪৮টি

http://teachingbd.com

৩৩. মহানবি (স) ব্যতিক্রম ছিলেন, কারণ তিনি কখনো–
ক) টাকা উপার্জন করেননি খ) দুর্ব্যবহার করেননি
গ) কোনো যুদ্ধে অংশগ্রহণ করেননি ঘ) খাদ্য গ্রহণ করেননি

৩৪. আইয়ামে জাহিলিয়া যুগে বাবা-মা তাদের মেয়েশিশুকে জীবন্ত মাটিতে পুঁতে ফেলত। তারা এরূপ করত কেন?
ক) মেয়েরা সমাজে অমঙ্গল বয়ে আনত
খ) মেয়েদের বিয়ের সময় অনেক যৌতুক দিতে হতো
গ) মেয়েশিশু জন্ম নেওয়া বাবা-মার জন্য অপমানের বিষয় ছিল
ঘ) মেয়েদেরকে সবাই ঘৃণা করত

৩৫. মহানবি (স) মক্কা থেকে মদিনায় হিজরত করেন। সেখানকার অধিকারীরা তাঁকে কীভাবে গ্রহণ করল?
ক) শ্রদ্ধা ও ভক্তির সাথে খ) বিরক্তির সাথে
গ) শত্রু মনোভাব নিয়ে ঘ) পরম আগ্রহ ও ভালোবাসার সাথে

৩৬. আমাদের পালনকর্তা কে?
ক) আব্বা-আম্মা খ) আল্লাহ তায়ালা গ) ডাক্তার ঘ) পীরমুর্শিদ

৩৭. সর্বশেষ নবির নাম কী?
ক) হযরত ইউসুফ (আ) খ) হযরত ঈসা
গ) হযরত মুহাম্মদ (স) ঘ) হযরত মুসা (আ)

৩৮. 'আখিরাত' শব্দের অর্থ কী?
ক) পুনর্জন্ম খ) পরকাল গ) শাস্তি ঘ) ন্যায়বিচার

৩৯. সালাতের ফরজ কাজগুলো কয় ভাগে বিভক্ত?
ক) ২ খ) ৩ গ) ৪ ঘ) ৫

৪০. আল্লাহর কাছে পৃথিবীর সবচেয়ে প্রিয় স্থান কোনটি?
ক) ঈদগাহ খ) মক্কা গ) মদিনা ঘ) মসজিদ

৪১. 'রোযা' কোন ভাষার শব্দ?
ক) বাংলা খ) আরবি গ) ফারসি ঘ) উর্দু

৪২. হজের প্রথম ফরজ কী?
ক) ইহরাম বাঁধা খ) আরাফাতে অবস্থান করা
গ) তাওয়াফে জিয়ারত ঘ) কুরবানি করা

৪৩. কোনটি প্রাকৃতিক দুর্যোগ নয়?
ক) বন্যা খ) ভূমিকম্প গ) অগ্নিকাণ্ড ঘ) ঘূর্ণিঝড়

৪৪. "রাব্বিরহামহুমা কামা রাব্বাইয়ানী সাগীরা"–এই আয়াতটি কাদের উদ্দেশ্যে পাঠ করা হয়?
ক) প্রতিবেশী খ) আত্মীয়স্বজন গ) পিতামাতা ঘ) বন্ধুবান্ধব

৪৫. সৃষ্টির সেবার মূর্ত প্রতীক কে ছিলেন?
ক) মহানবি (স) খ) আবু বকর (র)
গ) উমর (র) ঘ) ওসমান (র)

৪৬. কোনটি মানুষকে ধ্বংস করে?
ক) সততা ও সাধুতা খ) সততা ও সত্যবাদিতা
গ) অসত্য ও মিথ্যা ঘ) সততা ও উদারতা

৪৭. কুরআন মজিদে ব্যবহৃত ○ (গোল) চিহ্ন দ্বারা কী নির্দেশ করে?
ক) না থামা খ) পূর্ণ বিরতি
গ) কিঞ্চিৎ থামা ঘ) মিলিয়ে পড়া

৪৮. নবুয়তের কত সনে মহানবি (স)-এর মিরাজ হয়েছিল?
ক) দশম খ) একাদশ গ) দ্বাদশ ঘ) চতুর্দশ

৪৯. কত খ্রিষ্টাব্দে বদরের যুদ্ধ সংঘটিত হয়?
ক) ৬২২ খ) ৬২৪ গ) ৬২৫ ঘ) ৬২৮

৫০. কাবা শরিফ কোথায় অবস্থিত?
ক) মক্কায় খ) মদিনায় গ) জেরুজালেমে ঘ) ফিলিস্তিনে

teachingbd.com

২। **নিচের প্রশ্নগুলোর উত্তর সংক্ষেপে উত্তরপত্রে লেখ :** ১×১৫=১৫

(ক) আল্লাহ তায়ালার বিধি-বিধান একটি গ্রন্থে লিপিবদ্ধ রয়েছে। এ গ্রন্থটির নাম কী?

(খ) রিফাত যোহরের নামাজ পড়ার সময় সাহু সিজদাহ দেয়। এ ধরনের সিজদাহ বলতে কী বোঝ?

(গ) আদল তার পাঠ্যবইয়ে ইসলামের দ্বিতীয় খলিফা সম্পর্কে পড়ে। আদলের পঠিত খলিফার নাম কী?

(ঘ) তিনি হলেন সর্বশেষ নবি ও রাসুল। তিনি কে?

(ঙ) হযরত দাউদ (আ)-এর ওপর একটি কিতাব নাজেল হয়। কিতাবটির নাম কী?

(চ) আমরা কার গুণে গুণান্বিত হব?

(ছ) শ্বাস নেওয়ার সময় আমরা কী গ্রহণ করি?

(জ) কোনো কাজ শুরু করার আগে কী বলতে হয়?

(ঝ) সালাতের আরকান কয়টি?

(ঞ) মহানবি (স) সুন্দর চরিত্র সম্পর্কে কী বলেছেন?

(ট) পিতামাতার খেদমত সম্পর্কে আল্লাহ তায়ালা কী বলেছেন?

(ঠ) কিরূপে আল্লাহ তায়ালার কালামের অর্থ ঠিক থাকে?

(ড) মহানবি (স) প্রথমে কাদের মধ্যে ইসলাম প্রচার করেন?

(ঢ) আইয়ামে জাহিলিয়া অর্থ কী?

(ণ) তিনি ছিলেন নবিজি (স)-এর ঘনিষ্ঠ বন্ধু। তিনি কে?

৩। **ক, খ, গ, ঘ ও ঙ নং প্রশ্নসহ যেকোনো সাতটি প্রশ্নের উত্তর লেখ :** ৫×৭=৩৫

(ক) আমাদের সৃষ্টিকর্তা ও পালনকর্তা একজন। তিনি কে? তাঁর ইচ্ছানুযায়ী জীবনযাপন করার চারটি উপায় লেখ। ১+৪=৫

(খ) আমরা কার শেখানো নিয়মে সালাত আদায় করব? সালাত সম্পর্কে তিনি কী বলেছেন? সালাতের সময় হলে তুমি কী করবে? তিনটি বাক্যে লেখ। ১+১+৩=৫

(গ) দেশপ্রেম অর্থ কী? আমরা কীভাবে আমাদের দেশের প্রতি ভালোবাসা প্রকাশ করব? চারটি বাক্যে লেখ। ১+৪=৫

(ঘ) তুমি পবিত্র কুরআন মজিদ থেকে শিক্ষা লাভ করেছ এমন যেকোনো পাঁচটি বিষয় লেখ। ৫

(ঙ) নবি-রাসুলগণ ছিলেন মহান আল্লাহ তায়ালার প্রেরিত পুরুষ। তাঁরা কীভাবে মানুষদের শিক্ষা দিতেন? চারটি বাক্যে তাঁদের পরিচয় দাও। ১+৪=৫

(চ) পাঁচটি বাক্যে নবি-রাসুলের পরিচয় দাও। ৫

(ছ) সকল ধর্ম ও ধর্মাবলম্বীদের প্রতি উদার, সহিষ্ণু ও সহনশীল হওয়ার গুরুত্ব পাঁচটি বাক্যে বর্ণনা কর। ৫

(জ) প্রাকৃতিক দুর্যোগের হাত থেকে বাঁচার জন্য আমরা কী কী কৌশল অবলম্বন করব? পাঁচটি বাক্যে লেখ। ৫

(ঝ) ওয়াক্‌ফ কাকে বলে? এর উদ্দেশ্য কী? সর্বপ্রথম কে এই চিহ্নগুলো ব্যবহার করেন? ২+২+১=৫

(ঞ) হযরত আদম (আ) তাঁর সন্তানদের কী শিক্ষা দিয়েছিলেন? পাঁচটি বাক্যে বর্ণনা কর। ৫

http://teachingbd.com

# মডেল টেস্ট - ৭ এর উত্তরমালা

১।

| | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ঘ | ২ | ঘ | ৩ | ঘ | ৪ | গ | ৫ | খ | ৬ | ঘ | ৭ | ঘ | ৮ | ক | ৯ | ঘ |
| ১০ | খ | ১১ | গ | ১২ | ক | ১৩ | ঘ | ১৪ | গ | ১৫ | ক | ১৬ | খ | ১৭ | ঘ | ১৮ | খ |
| ১৯ | গ | ২০ | ঘ | ২১ | ঘ | ২২ | গ | ২৩ | গ | ২৪ | ক | ২৫ | খ | ২৬ | ঘ | ২৭ | খ |
| ২৮ | ক | ২৯ | ঘ | ৩০ | ঘ | ৩১ | ঘ | ৩২ | গ | ৩৩ | খ | ৩৪ | গ | ৩৫ | ঘ | ৩৬ | খ |
| ৩৭ | গ | ৩৮ | খ | ৩৯ | ক | ৪০ | ঘ | ৪১ | গ | ৪২ | ক | ৪৩ | গ | ৪৪ | গ | ৪৫ | ক |
| ৪৬ | গ | ৪৭ | ঘ | ৪৮ | খ | ৪৯ | খ | ৫০ | ক | | | | | | | | |

২। (ক) আল্লাহ তায়ালার বিধি-বিধান যে গ্রন্থে লিপিবন্ধ রয়েছে তার নাম কুরআন মজিদ।

(খ) সালাত আদায়কালে ভুলক্রমে কোনো ওয়াজিব ছেড়ে দিলে তা সংশোধনের জন্য যে সিজদাহ করা হয় তাকে সাহু সিজদাহ বলে।

(গ) আদলের পঠিত খলিফার নাম হযরত উমর (রা)।

(ঘ) হযরত মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম হলেন সর্বশেষ নবি ও রাসুল।

(ঙ) হযরত দাউদ (আ)-এর ওপর প্রসিদ্ধ আসমানি কিতাব 'যাবুর' নাজেল হয়।

(চ) আমরা মহান আল্লাহ তায়ালার গুণে গুণান্বিত হব।

(ছ) শ্বাস নেওয়ার সময় আমরা অক্সিজেন গ্রহণ করি।

(জ) কোনো কাজ শুরু করার আগে 'বিসমিল্লাহির রাহমানির রাহীম' বলতে হয়।

(ঝ) সালাতের আরকান ৭টি।

(ঞ) মহানবি (স) সুন্দর চরিত্র সম্পর্কে বলেছেন– "তোমাদের মধ্যে সর্বোত্তম সেই লোক যার চরিত্র সবচেয়ে ভালো।"

(ট) পিতামাতার খেদমত সম্পর্কে আল্লাহ তায়ালা বলেছেন– 'তোমরা পিতামাতার সাথে সদ্ব্যবহার কর।'

(ঠ) সঠিক উচ্চারণে কুরআন মজিদ তিলাওয়াত করলে আল্লাহ তায়ালার কালামের অর্থ ঠিক থাকে।

(ড) মহানবি (স) সর্বপ্রথম তাঁর নিকট আত্মীয়-স্বজনদের মধ্যে ইসলাম প্রচার করেন।

(ঢ) আইয়ামে জাহিলিয়া অর্থ অজ্ঞ বা মূর্খতার যুগ।

(ণ) হযরত আবুবকর (রা) ছিলেন নবিজি (স)-এর ঘনিষ্ঠ বন্ধু।

Teachingbd.com

http://teachingbd.com